



## স্পন্দন-বি মেধা বৃত্তি পরীক্ষা

শ্রেণী : সপ্তম  
মোট প্রশ্ন : ৩৫টি  
সময় সীমা : ২:৩০ ঘন্টা

ছাত্র/ছাত্রী-র নাম : \_\_\_\_\_ রোল নং: \_\_\_\_\_  
বিদ্যালয়-এর নাম: \_\_\_\_\_

(নির্দেশনাঃ প্রতিটি প্রশ্নের মান সমান। উত্তর সম্পর্কিত সকল লেখা প্রশ্নপত্রের মধ্যেই করতে হবে। প্রতিটি প্রশ্নের উত্তর কিভাবে পেলে তা প্রতিটি প্রশ্নের নীচের প্রদত্ত জায়গায় দেখাও। অতিরিক্ত জায়গার প্রয়োজন হলে প্রশ্নপত্রের বিপরীত দিকে লিখ।)

১। সরল কর :

$$a^7 \times a^8 =$$


২। একটি পাত্রে ২৭ টি বিস্কুট ছিল। কামাল  $\frac{1}{3}$  ভাগ বিস্কুট খেয়ে শেষ করলো। অবশিষ্টের  $\frac{1}{2}$  ভাগ খেল মামুন। ঐ পাত্রে আর কতটি বিস্কুট আছে?

উত্তর : \_\_\_\_\_

৩। ০ থেকে ১০-এই সবগুলো সংখ্যা গুণ করলে গুণফল কত ?

০       ২৫       ১,০০০       ৩,৬২৮,৮০০

৪। নীচের ছবিগুলোর গুণ্য স্থানের ছবিটি পূরণ কর।




৫। গতকালের আগের আগের দিন শনিবার থেকে শুরু করে ৩য় দিন, তবে আজ কি বার ?

- রবিবার
- সোমবার
- শুক্রবার
- বৃহস্পতিবার
- শনিবার


৬। নীচের এক সারি সংখ্যা-র পরবর্তি সংখ্যা তিনটি (?) কি ?  
১, ৬, ৩, ৮, ৫, ১০, ৭, ?, ?, ?

উত্তর : \_\_\_\_\_ , \_\_\_\_\_ , \_\_\_\_\_


৭। নীচে এক সারি ছবির মধ্যে একটি ছবির ঘর শুণ্য। দ্বিতীয় সারির ছবি গুলোর মধ্যে যে ছবিটি শুণ্য স্থানে বসবে বলে তুমি মনে কর, তার পাশে টিক চিহ্ন দাও।



৮। নীচে এক সারি ছবির মধ্যে যে ছবিটিকে তুমি সব চেয়ে খাপছাড়া (অমিল) বলে মনে কর তার পাশে টিক চিহ্ন দাও।




৯। প্রতিটি ঘর-এর ক্ষেত্রফল ১ একক হলে, নীচের ত্রিভুজটির ক্ষেত্রফল কত একক?




উত্তর : ----- একক

১০। একটি কচ্ছপ পাহাড়ের ঢাল বেয়ে ১০ মিনিটে ৪ ফুট উপরে উঠে, তারপরের ১০ মিনিটে এটি ১ ফুট গড়িয়ে নামে। পাহাড়ের উচ্চতা যদি ১২ ফুট হয়, তাহলে কচ্ছপটি কত মিনিটে পাহাড়ের চূড়ায় পৌঁছাবে?



১১। নীচের ছবিগুলোতে একটি আয়তক্ষেত্র-কে দুই ভাগে ভাগ করার চেষ্টা করা হয়েছে যাতে দুই ভাগের ক্ষেত্রফল সমান হয়। যে ছবিগুলোতে দুই ভাগের ক্ষেত্রফল সমান, সেগুলোর নীচে 'সমান' লিখ এবং অন্যগুলোর নীচে 'অসমান' লিখ।




১২। একটি কচ্ছপ ঘড়ির কাঁটার দিকে হাঁটছে। কচ্ছপটি হাঁটা শুরু করলো A থেকে। A বিন্দুটি (০,০) থেকে ১৪ একক দূরে এবং ৯ একক উপরে। A=(১৪,৯) হলে, নীচের শূন্যস্থানগুলি পূরণ কর।

B=


C=

D=



১৩। নীচের ছবিতে একটি বিন্দু দেখান হয়েছে। বিন্দুটি (০,০) থেকে ১ একক দূরে এবং ২ একক উপরে। বিন্দুটিকে একজোড়া সংখ্যা (১,২) দিয়ে বুঝানো হলে, নীচের পাঁচজোড়া সংখ্যা যে বিন্দুগুলোকে বুঝায়, সেগুলোকে চিহ্নিত কর, এবং (১,২) থেকে শুরু করে ক্রমানুসারে সবগুলো বিন্দুকে সংযুক্ত কর। যে ক্ষেত্রটি পেলে, তার ক্ষেত্রফল কত একক?  
(২,৩) (৪,৩) (৪,১) (২,১) (১,২)

উত্তর : \_\_\_\_\_ একক



১৪। আশরাফ প্রতি হালি ডিম ১৩ টাকা দরে ক্রয় করে প্রতি ডজন ৩৭.৫০ টাকা দরে বিক্রয় করল। এতে তার শতকরা কত লাভ বা ক্ষতি হল ?

উত্তর :

১৫। আফরোজা ১৮০০ টাকা ব্যাংকে জমা দিল। ব্যাংকের বাম্বিক সুদের হার ৭ % হলে, সে ৬ বছরে সুদসহ কত পাবে ?

উত্তর :

১৬। ঢাকা থেকে মিনার বাড়ির দূরত্ব ৩৩০ কিলোমিটার। সে বাসে ঢাকা থেকে বাড়ি রওনা হল। কিন্তু ২৭৫ কিলোমিটার পথ যাবার পর বাসটি আর চলতে পারল না। বাকী পথ সে সাইকেলে চড়ে গেল। বাসটি ঘন্টায় ২২ কিলোমিটার পথ চলে। যদি সাইকেলে চড়ে ঘন্টায়  $৫\frac{১}{২}$  কিলোমিটার পথ যেতে পারে, তবে বাড়ি পৌঁছতে তার মোট সময় কত লাগবে ?

উত্তর : \_\_\_\_\_

১৭। একটি সেনাবাহিনীর গুদামে ১৫০০ জন সৈনিকের ৩০ দিনের খাদ্য মজুদ আছে। ১৩ দিন পরে, ঐ সেনাবাহিনীতে আরও ৩০০ জন সৈনিক আসল। বাকি খাদ্যে তাঁদের আর কত দিন চলবে?

উত্তর : \_\_\_\_\_

১৮। তোমাকে 'ক', 'খ' আর 'গ' এই তিনটি অক্ষর দেয়া গেল। অক্ষর তিনটিকে পাশাপাশি রেখে মোট কতভাবে সাজানো যেতে পারে?

উত্তর : \_\_\_\_\_

১৯। যদি 'ক' একটি জোড় সংখ্যা হয় তা হলে নীচের কোনটি হবে 'ক'-এর পরবর্তী জোড় সংখ্যাদ্বয়ের যোগফল ?

- ২ক+৪
- ২ক+৬
- ২ক+৮
- ২ক+১০

২০। মনে কর ৩ অংকের একটি সংখ্যা আছে। সংখ্যাটি ৩০০ -এর চেয়ে ছোট। যদি দশকের অংকটি এককের অংকের চেয়ে ছোট হয় এবং এককের অংকটি শতকের চেয়ে ছোট হয়, তাহলে সংখ্যাটি কত? এই প্রশ্নটির একটি মাত্র উত্তর সম্ভব।

উত্তর : \_\_\_\_\_

২১। মনে কর ২ অংকের একটি সংখ্যা আছে, সংখ্যাটি ৮৪ র চেয়ে ছোট। এককের অংক এবং দশকের অংক দুটির যোগফল ৯। এককের অংকটি যদি দশকের অংকটির ২ গুন হয়, তাহলে সংখ্যাটি কত?

উত্তর : \_\_\_\_\_

২২। রম্পা, পপী, পীয়া, রমি, এবং সনির কাছে কতটি বই আছে তা দেখানো হয়েছে নীচের ছবিতে। ছবিটি দেখে নীচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ


ক) যাদের কাছে অন্তত ২০টি বই আছে, তাদের নাম লিখঃ

খ) রম্পার কাছে সনির থেকে কতটি বই বেশি আছে?

গ) কার কার কাছে সমান সংখ্যক বই আছে?

ঘ) সনি আরো ১০টি নতুন বই কিনলে, সনির বইয়ের সংখ্যা কত হবে?

বইয়ের সংখ্যা




২৩। পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার মাতা, পিতা ও তাঁদের পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স কত?

উত্তর : \_\_\_\_\_


২৪। নীচের চিত্রে,

$\angle BDC = ?$






২৫। নীচের চিত্রে,  $\angle ক + \angle খ = ?$



২৬। নীচের চিত্রটিতে মোট কত গুলো আয়তক্ষেত্র খুঁজে পাওয়া যেতে পারে?



উত্তর : \_\_\_\_\_

২৭। মতিন তাঁর মাসিক আয়ের ০.২৫ অংশ মাকে দেয়, ০.৬ অংশ নিজে রাখে, এবং বাকী অংশ ব্যাঙ্কে সঞ্চয় করে। মাসিক সঞ্চয় ১০০ টাকা হলে, মতিনের বাষিক আয় কত?

উত্তর : \_\_\_\_\_

২৮। এমন দুটি সংখ্যা নির্ণয় কর যাদের গুণফল (-৭২) এবং যোগফল ১।

উত্তর :

২৯। ক, খ, গ এর একত্রে  $৩০৭\frac{১}{৫}$  কেজি চাল আছে। ক অপেক্ষা খ এর  $১০\frac{৩}{১০}$  কেজি বেশি চাল আছে। আবার গ এর খ অপেক্ষা  $৫\frac{৭}{১০}$  কেজি কম চাল আছে। প্রত্যেকের চালের পরিমাণ নির্ণয় কর।

উত্তর : \_\_\_\_\_


৩০। ৪০০ ও ৫০০ এর মধ্যবর্তী কোন কোন সংখ্যাকে ১২, ১৫, ২০, ও ৬০ দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে ভাগশেষ ১০ থাকে?

উত্তর : \_\_\_\_\_

৩১। পাশের ছবিটি লক্ষ্য করো। ২৭-টি ছোট ছোট ব্লক দিয়ে বড় ব্লক-টি তৈরী করা হল। এরপর বড় ব্লক-টির ৬ দিকই লাল রং করা হল। রং শুকালে ছোট ছোট ব্লকগুলো আবার আলাদা করা হল।

কয়টি ব্লকের শুধুমাত্র ৩-দিকই লাল রং?


৪       ৬       ৮       ১২



৩২। “কামেআরি” শব্দটির অক্ষরগুলো ভিন্নভাবে সাজিয়ে লিখলে তুমি কিসের নাম পাবে?

দেশ       সমুদ্র       শহর       প্রাণী       ফুল

৩৩। নীচের এক সারি ছবির মধ্যে একটি ছবির ঘর শূণ্য। দ্বিতীয় সারির ছবি গুলোর মধ্যে যে ছবিটি শূণ্য স্থানে বসবে বলে তুমি মনে কর, তার পাশে টিক চিহ্ন দাও।



৩৪। নীচের চিত্রে খালি ঘরগুলোতে যথাযথ সংখ্যা বসাত। সংখ্যা গুলো একটি নিয়ম মেনে চলে তা হচ্ছেঃ প্রত্যেক সারি কিংবা কলাম বরাবর তিনটি সংখ্যার যোগফল কোনাকুনি তিনটি সংখ্যার যোগফলের সমান।

৫		
	৬	৮
৩		৭

৩৫। নীচের চিত্রে AB, GH ও DE পরস্পর সমান্তরাল।

$\angle X =$

